



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৮২/ময়মন/০০৫০

তারিখ : ২২/৬/১৭

বিষয় : বিদ্যালয়ে এডহক কমিটি গঠনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : তার ২১/০৬/২০১৭ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বিদ্যালয়ের নিয়মিত কমিটি গঠনকল্পে এডহক কমিটি গঠন করার অনুমতি প্রদান করা হলো।

বোর্ডের ম্যানেজিং কমিটি গঠন বিষয়ক প্রবিধানমালা, ২০০৯ এস.আর.ও নং- ৯৯/আইন/২০০৯-এর ৩৯(১)নং ধারা অনুযায়ী এডহক কমিটিতে অন্তর্ভুক্তির জন্য নিম্নেবর্ণিত কাগজপত্র অবিলম্বে এ দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ কমিটির অনুমোদন প্রাপ্তির মেয়াদকালের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে ব্যর্থ হলে বিদ্যালয়ের অনুমতি/স্বীকৃতি বাতিলসহ শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদী বন্ধ করা হবে।

- ১। সভাপতি মনোনয়নের জন্য জীবন-বৃত্তান্তসহ ৩ (তিন) জন ব্যক্তির নাম;
- ২। একজন অভিভাবক প্রতিনিধির নাম (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত);
- ৩। একজন শিক্ষক প্রতিনিধির নাম (জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত)।

প্রাপক : প্রধান শিক্ষক
বিরুনিয়া সাদির উদ্দিন মাস্টার উচ্চ বিদ্যালয়
পোঃ- বিরুনিয়া, উপজেলা- ভালুকা
জেলা- ময়মনসিংহ।


স্বাঃ
বিদ্যালয় উপ-পরিদর্শক
পক্ষে- বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

মেমো নং- ০০৫০ (৩)

তারিখ : ২২/৬/১৭

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
- ২। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- ৩। অফিস কপি।


বিদ্যালয় উপ-পরিদর্শক
পক্ষে- বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।


২২/৬/১৭